বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
উপপরিচালকের কার্যালয়
নোয়াখালী
www.brdb.noakhali.gov.bd



নম্বর:৪৭.৬২.৭৫০০.৮২৭.২৬.২৮৯.২৬.৫১২

তারিখ: ৩১/০৮/২০২৬ খ্রি:।

## নিয়োগ বিজ্ঞপ্তি

| বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | পদের নাম | গ্রেড ও বেতন স্কেল | পদ সংখ্যা | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সব জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | হিসাব সহকারী (ইরেসপো) | গ্রেড-১৪ (সাকুল্য বেতন) | ২ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে কমপক্ষে ২য় বিভাগে স্নাতক অথবা সমমানের ডিগ্রী। কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে। | নোয়াখালী |
| ০২ | মাঠ সংগঠক (ইরেসপো) | গ্রেড-১৪ (সাকুল্য বেতন) | ১ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম স্নাতক অথবা সমমানের ডিগ্রী। | |

**শর্ত ও নিয়মাবলী:**

০১. পদসমূহ সম্পূর্ণ অস্থায়ী ও শুধুমাত্র কর্মসূচির জন্য প্রযোজ্য, যা বিআরডিবি'র রাজস্ব বাজেটভুক্ত নয়।

০২. প্রার্থীদের নোয়াখালী জেলার স্থায়ী অধিবাসী হতে হবে। প্রার্থীর নামে কোন ফৌজদারী বা অন্য কোন মামলায় দন্ডপ্রাপ্ত ব্যক্তি আবেদনের অযোগ্য বিবেচিত হবেন।

০৩. নিয়োগকৃত পদসমূহে বেতন-ভাতাদি বিতরণকৃত ঋণের আদায়কৃত সেবামূল্যসহ অন্যান্য অর্জিত আয় হতে কর্মসূচি'র নীতিমালা অনুযায়ী পরিশোধযোগ্য হবে।

০৪. বর্ণিত হিসাব সহকারীর ২টি পদের মধ্যে ১টি পদ নোয়াখালী পল্লী উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র (এনআরডিটিসি) এর বিপরীতে নিয়োগযোগ্য হবে।

০৫. সকল পদে প্রার্থীর সর্বোচ্চ বয়স ০১/১০/২০২৬ খ্রি. তারিখে ৩৫ বছর এবং সর্বনিম্ন বয়স ১৮ বছর হতে হবে। বয়স সম্পর্কিত কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৬. আগ্রহী প্রার্থীকে বিআরডিবি'র ওয়েবসাইট www.brdb.gov.bd ও কর্মসূচি'র ওয়েবসাইট www.iresppw-brdb.gov.bd প্রকাশিত নির্ধারিত আবেদন ফরম এ "উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, বিআরডিবি, উত্তর ফকিরপুর, মাইজদী, নোয়াখালী" বরাবর আবেদন করতে হবে।

০৭. আবেদন ফরমের সাথে ১০/- (দশ) টাকা ডাকটিকিটসহ ফেরত খাম (খামের প্রাপক অংশে যোগাযোগের ঠিকানা লিখে দিতে হবে) অবশ্যই সংযুক্ত করতে হবে। আবেদন ফরমের সাথে ছবি ব্যতিত অন্য কোন কাগজপত্র প্রেরণের প্রয়োজন নেই।

০৮. খামের উপরে অবশ্যই আবেদনকৃত পদের নাম স্পষ্ট করে লিখতে হবে। একটি খামে একাধিক আবেদনপত্র প্রেরণ করা হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

০৯. আবেদনের সময় নামের বানান সতর্কতার সাথে শিক্ষা সনদের সাথে মিলিয়ে লিখতে হবে, শিক্ষা সনদে উল্লিখিত নামের বানানের বাইরে পদবি/মৃত ইত্যাদি লিখা যাবে না। স্থায়ী ঠিকানা সঠিকভাবে লিখতে হবে। অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য নিয়োগ কার্যক্রমের যে কোন পর্যায়ের বা নিয়োগদানের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ/ভুয়া প্রমাণিত হলে তার আবেদন/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১০. আবেদনপত্রের সাথে "-ইরেসপো ২য় পর্যায়, বিআরডিবি, নোয়াখালী-" শিরোনামে অগ্রণী ব্যাংক, মাইজদীকোর্ট শাখার অনুকূলে হিসাব সহকারী (ইরেসপো) ও মাঠ সংগঠক (ইরেসপো) পদের জন্য ১০০/-(এক শত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে।

১১. বিভাগীয় প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে পারবেন। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে পূর্ববর্তী কর্মকাল গণনাযোগ্য হবে না।

১২. প্রাপ্ত আবেদন প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র উপযুক্ত প্রার্থীদের লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগাযোগের ঠিকানায় প্রবেশপত্র প্রেরণ করা হবে। লিখিত পরীক্ষার ফলাফল বিআরডিবি ও কর্মসূচি'র ওয়েবসাইটসহ (www.brdb.gov.bd ও www.iresppw-brdb.gov.bd) সংশ্লিষ্ট দপ্তরের নোটিশ বোর্ডে প্রকাশিত হবে। উল্লেখ্য, মৌখিক পরীক্ষার জন্য পৃথক কোন প্রবেশপত্র প্রেরণ করা হবে না।

১৩. লিখিত ও মৌখিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থী ও প্যানেল তালিকা বিআরডিবি ও কর্মসূচি'র ওয়েবসাইট (www.brdb.gov.bd ও www.iresppw-brdb.gov.bd) এবং সংশ্লিষ্ট দপ্তরের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।

১৪. নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ দেয়া হবে না।

১৫. বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে, যা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হবে।

১৬. মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে অবশ্যই (ক) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি (খ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (গ) কম্পিউটার জ্ঞান সংক্রান্ত সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) (ঘ) ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের অনলাইন কপি (ঙ) জাতীয় পরিচয়পত্র (চ) অভিজ্ঞতা সনদ (যদি থাকে), (ছ) বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি পত্রসহ সকল সনদপত্রের মূল কপি প্রদর্শনপূর্বক সত্যায়িত কপি জমা প্রদান করতে হবে।

১৭. চূড়ান্ত নির্বাচিত প্রার্থীদেরকে যোগদানের সময় ডোপ টেস্টের রিপোর্ট জমা দিতে হবে। ডোপ টেস্টে মাদক সংক্রান্ত রিপোর্ট পজেটিভ হলে প্রার্থীর নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

১৮. যোগ্য প্রার্থীদের মধ্য হতে মেধা ও প্যানেল এর তালিকা প্রস্তুত এবং সে আলোকে নিয়োগ প্রদান করা হবে। দাপ্তরিক প্রয়োজনে কর্মচারীদের প্রকল্পভূক্ত যে কোন উপজেলায় পদায়ন করা হতে পারে।

১৯. নিয়োগের ক্ষেত্রে যে কোনো তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

২০. নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। অনিবার্য কারণে নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

২১. আগ্রহী প্রার্থীগণকে উল্লিখিত শর্ত পূরণ সাপেক্ষে আগামী ০১/১০/২০২৬ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে কেবলমাত্র সরকারি ডাক/কুরিয়ারযোগে "উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, বিআরডিবি, উত্তর ফকিরপুর, মাইজদী, নোয়াখালী" বরাবর আবেদনপত্র পৌঁছাতে হবে।


০১/০৮/২৬

মো: দেলোয়ার হোসেন
উপপরিচালক, বিআরডিবি
ও
সভাপতি
জনবল নিয়োগ কমিটি


অনুলিপি :(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. জেলা প্রশাসক, নোয়াখালী।
২. পুলিশ সুপার, নোয়াখালী।
৩. কর্মসূচি পরিচালক (ইরেসপো), বিআরডিবি, ঢাকা।
৪. যুগ্মপরিচালক, বিআরডিবি , চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৫. উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (বিআরডিবির ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. উপপরিচালক , এনআরডিটিসি, নোয়াখালী।
৭. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (কর্মসূচির ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. জনাব শামিমা আক্তার, সহকারী পরিচালক (ইরেসপো),বিআরডিবি, ঢাকা।
৯. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (সকল), নোয়াখালী (নোটিশ বোর্ডে টাঙানো ও বহুল প্রচারের অনুরোধসহ)।
১০. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. পরিচালক ( প্রশাসন/সরেজমিন/পরিকল্পনা/প্রশিক্ষণ/অর্থ ) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
১২. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সদর, নোয়াখালী (উপজেলা নির্বাহী কর্মকর্তার প্রতিনিধি)।
১৩. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সদর, নোয়াখালী।
১৪. সংশ্লিষ্ট নথি।